## আলোকিত বাংলাদেশ




# ঢাবি আইবিএ'র এসিবিএ কোর্সের সার্টিফিকেট প্রদান

**আলোকিত ডেস্ক :** ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ)-এর অ্যাডভান্সড সার্টিফিকেট ইন বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এসিবিএ) কোর্সের ২১তম ব্যাচের সার্টিফিকেট প্রদান অনুষ্ঠান গতকাল ১২ জুন ২০২৬ শুক্রবার সন্ধ্যায় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. আবদুস সালাম অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কোর্সে অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র বিতরণ করেন। ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. আবু ইউসুফ মো. আবদুল্লাহ'র সভাপতিত্বে অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ড. মো. কবির আহম্মদ সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন। কোর্সের মডারেটর অধ্যাপক ড. মো. মহিউদ্দিন স্বাগত বক্তব্য দেন। এমডিপি প্রোগ্রামের কোঅর্ডিনেটর অধ্যাপক ড. মো. রিদওয়ানুল হক কোর্সের কার্যক্রম তুলে ধরেন। আইবিএ'র ৩য় বর্ষের শিক্ষার্থী জারিন আশরাফ মুন অনুষ্ঠান সঞ্চালন করেন। প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. আবদুস সালাম সনদপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় আইবিএ একটি বিশ্বমানের প্রতিষ্ঠান। এখান থেকে অর্জিত জ্ঞান যথাযথভাবে ব্যবহার করে সমাজ ও দেশের ইতিবাচক পরিবর্তনে তাদের অগ্রণী ভূমিকা পালন করতে হবে। আধুনিক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবিলায় আজীবন শেখার মানসিকতা বজায় রাখার জন্য তিনি সনদপ্রাপ্তদের পরামর্শ দেন। সূত্র : সংবাদ বিজ্ঞপ্তি

## The Country Today




# IBA ACBA course certificates distributed at DU

**DU Correspondent**

The certificate distribution ceremony of the 21st batch of the Advanced Certificate in Business Administration (ACBA) course of the Institute of Business Administration (IBA) of Dhaka University was held at the Nawab Nawab Ali Chowdhury Senate Bhaban on Friday evening.

Dhaka University Pro-Vice Chancellor (Education) Professor Dr. Abdus Salam **Continued to page 4**

## IBA ACBA course

attended the ceremony as the chief guest and distributed certificates among the course participants.

**The Country Today**

# Get-together of 49th Special BCS officers held at TSC

**DU Correspondent**

The 49th Special BCS Officers' get together was held on Friday at the TSC Auditorium, Dhaka University. Dhaka University Pro-Vice Chancellor (Admin) Professor Dr. Mohammad Almojaddidi **Continued to page 4**




## Get-together of

Alfesani was the chief guest at the event and Dhaka University Bangla Department Professor Dr. Tariq Manzoor was present as the special guest. The event was organized in collaboration with the well-known education platform Live MKCU and Genesis BCS Care.

## নয়া দিগন্ত



# ঢাবিতে বাংলাদেশ ফিজিক্যাল সোসাইটির দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠিত

বাংলাদেশ ফিজিক্যাল সোসাইটি (বিপিএসের ২০২৬-২০২৭ মেয়াদের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটিকে দায়িত্ব হস্তান্তর গত ১২ জুন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেসে (সিএআরএস) অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে দেশের বিশিষ্ট পদার্থবিজ্ঞানী, শিক্ষক, গবেষক এবং সোসাইটির উল্লেখযোগ্য সংখ্যক সদস্য উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে নবনির্বাচিত সভাপতি, সাবেক ঢাবি ভিসি ও এমিরিটাস অধ্যাপক অধ্যাপক ড. আ ফ ম ইউসুফ হায়দার এবং বিদায়ী সভাপতি ও বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের সাবেক চেয়ারম্যান ড. মোহাম্মদ শওকত আকবর উপস্থিত ছিলেন। এ ছাড়াও উপস্থিত ছিলেন– অধ্যাপক ড. এ কে এম আক্তার হোসেন, অধ্যাপক ড. এফ নজরুল ইসলাম; অধ্যাপক ড. আমিনুল ইসলাম তালুকদার; ড. মোহাম্মদ নজরুল ইসলাম খান; অধ্যাপক ড. মোহাম্মদ জিল্লুর রহমান; ড. আবু জাফর জিয়াউদ্দিন আহমেদ; অধ্যাপক ড. ইশতিয়াক এম সৈয়দ এবং ড. এ কে এম জাকারিয়া। বিজ্ঞপ্তি।

## ভোরের ডাক



# ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ ফিজিক্যাল সোসাইটির দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠান অনুষ্ঠিত

বাংলাদেশ ফিজিক্যাল সোসাইটির ২০২৬-২০২৭ মেয়াদের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠান গত ১২ জুন ঢাকা বিশ্ববিদ্যালয়ের'সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস-এ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে দেশের বিশিষ্ট পদার্থবিজ্ঞানী, শিক্ষক, গবেষক এবং সোসাইটির উল্লেখযোগ্য সংখ্যক সদস্য উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে নবনির্বাচিত সভাপতি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও এমিরিটাস অধ্যাপক অধ্যাপক ড. আ ফ ম ইউসুফ হায়দার এবং বিদায়ী সভাপতি ও বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের সাবেক চেয়ারম্যান ড. মোহাম্মদ শওকত আকবর উপস্থিত ছিলেন। এছাড়াও উপস্থিত ছিলেন অধ্যাপক ড. এ. কে. এম. আক্তার হোসেন, অধ্যাপক ড. এফ. নজরুল ইসলাম; অধ্যাপক ড. আমিনুল ইসলাম তালুকদার; ড. মোহাম্মদ নজরুল ইসলাম খান; অধ্যাপক ড. মোহাম্মদ জিল্লুর রহমান; ড. আবু জাফর জিয়াউদ্দিন আহমেদ; অধ্যাপক ড. ইশতিয়াক এম. সৈয়দ; এবং ড. এ. কে. এম. জাকারিয়া। –খবর বিজ্ঞপ্তি

**The Bangladesh Today**

# Charge Handover Ceremony of Bangladesh Physical Society held at the University of Dhaka

DHAKA: The charge handover ceremony of the newly elected Executive Committee of the Bangladesh Physical Society (BPS) for the 2026-2027 session was held on June 12, 2026, at the Centre for Advanced Research in Sciences (CARS), University of Dhaka.

The event was attended by a large number of distinguished physicists, academicians, researchers, and members of the Society. In the cermony the newly elected President, former Vice-Chancellor and Emeritus Prof. of the University of Dhaka Prof. Dr. A. F. M. Yusuf Haider, formar President Dr. Mohammad Shawkat Akbar, former Chairman of the Bangladesh Atomic Energy Commission (AEC) were present. Among other notable present were Prof. Dr. A. K. M. Akther Hossain, FBAS, Prof. Dr. F. Nazrul Islam, Prof. Dr. Aminul Islam Talukdar, Mohammed Nazrul Islam Khan, Prof. Dr. Mohammad Jellur Rahman, Dr. Abu Zafur Ziauddin Ahmed, Prof. Dr. Ishtiaque M. Syed, and Dr. A. K. M. Zakaria.

During the ceremony, the outgoing committee formally handed over responsibilities to the newly elected committee. At the beginning of the program, the former President Dr. Mohammad Shawkat Akbar, and the former General Secretary, Prof. Dr. Ratan Chandra Gosh, presented a brief overview of the activities carried out during the previous term and extended their best wishes to the new Executive Board. Speakers highlighted the significant role of the Bangladesh Physical Society as the country's premier professional organization dedicated to the advancement of physical sciences, scientific research, education, and professional collaboration, a press release said.

During the meeting, the newly elected General Secretary expressed his gratitude to all members of the outgoing committee for their efficient leadership and management of the Society's activities over the past term. He also requested their continued support and involvement in the Society's future endeavors. In the concluding remarks, Prof. Dr. A. F. M. Yusuf Haider, reaffirmed his commitment to advancing the activities of the Society, sought the cooperation of all members, and thanked everyone for their support.

Finally, the newly elected committee expressed its commitment to strengthening research activities, promoting scientific excellence, and enhancing national and international cooperation in the field of physical sciences. The participants expressed their hope that all members of the Society would continue to play an effective role in the advancement of physics in Bangladesh.



Bangladesh Physical Society (BPS) for the 2026-2027 session was held on June 12, 2026, at the Centre for Advanced Research in Sciences (CARS), University of Dhaka. Photo: Courtesy

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



**নয়া দিগন্ত**



উৎসবমুখর পরিবেশে জায়ান্ট স্ক্রিনে বিশ্বকাপ খেলা দেখছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ■ নয়া দিগন্ত

# বিশ্বকাপ উন্মাদনায় উৎসবমুখর ঢাবি

● হারুন ইসলাম

চার বছর পরপর 'গ্রেটেস্ট শো অন আর্থ' খ্যাত ফুটবল বিশ্বকাপ মানেই যেন বাঁধভাঙা উল্লাস আর রোমাঞ্চ। বিশ্বজুড়ে ছড়িয়ে থাকা এই উন্মাদনার ঢেউ আছড়ে পড়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাসেও। গ্রীষ্মকালীন ছুটি চলমান থাকলেও বিশ্বকাপ জ্বরে কাঁপছে পুরো বিশ্ববিদ্যালয়। টিএসসিতে উপচে পড়া ভিড়, হলে হলে প্রিয় দলের পতাকা ওড়ানো আর ফ্যান ক্লাবগুলোর পাল্টাপাল্টি শোডাউনে ক্যাম্পাস যেন পরিণত হয়েছে উৎসবের নগরীতে।

**বড় পর্দায় বিশ্বকাপ দেখাচ্ছে ছাত্রদল**

শিক্ষার্থীদের এই উন্মাদনায় বাড়তি মাত্রা যোগ করতে ক্যাম্পাসের পাঁচটি স্পটে বড় পর্দায় ম্যাচ সম্প্রচারের উদ্যোগ নিয়েছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল। ক্রীড়া মন্ত্রণালয়ের সার্বিক সহযোগিতায় টিএসসি, জগন্নাথ হল মাঠ, মুহসীন হল, শহীদুল্লাহ হল মাঠ এবং হলপাড়ায় (কবি জসীমউদ্দীন হল মাঠ) বসানো হচ্ছে জায়ান্ট স্ক্রিন। আয়োজকদের পক্ষে ঢাবি ছাত্রদলের দফতর সম্পাদক মল্লিক ওয়াসি উদ্দিন তামী জানান, বৈরী আবহাওয়া ও বৃষ্টির কারণে শুরুতে কেবল টিএসসি এবং জগন্নাথ হলে খেলা দেখানো সম্ভব হয়েছে। তবে খুব দ্রুতই বাকি স্পটগুলোতে বড় পর্দার ব্যবস্থা পুরোপুরি প্রস্তুত হয়ে যাবে বলে তিনি আশাবাদী।

**ডাকসুর বর্ণিল আয়োজন**

পিছিয়ে নেই ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদও (ডাকসু)। শিক্ষক-শিক্ষার্থীরা সবাই এক সাথে খেলা উপভোগ করার সুবিধার্থে ভিসি চত্বরে বিশাল স্ক্রিন স্থাপন করেছে তারা। এ ছাড়া আগামী ১৬ জুন সন্ধ্যা ৭টায় ডাকসু প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে চিরপ্রতিদ্বন্দ্বী দুই দলের সমর্থকদের অংশগ্রহণে আকর্ষণীয় 'আর্জেন্টিনা বনাম ব্রাজিল : রম্য বিতর্ক'। পাশাপাশি স্বোপার্জিত স্বাধীনতা চত্বরে তিন দিনব্যাপী 'ফ্যান এনগেজমেন্ট প্রোগ্রাম'র আয়োজন করা হয়েছে। সেখানে ইতোমধ্যেই অতিথি হিসেবে যোগ দিয়ে শিক্ষার্থীদের চমকে দিয়েছেন জাতীয় নারী ফুটবল দলের তারকা ঋতুপর্ণা চাকমা। এই আয়োজনে থাকছে নানা রকম গেমস, কুইজ ও ফটো কর্নারের সুবিধা।

**সমর্থকগোষ্ঠীর কমিটি ও উচ্ছ্বাস**

বিশ্বকাপকে সামনে রেখে সামাজিক যোগাযোগমাধ্যমেও রীতিমতো ঝড় তুলেছেন ঢাবির ফুটবল ভক্তরা। ব্যাচ ও বিভাগভিত্তিক বিভাজনের বাইরে গিয়ে গড়ে উঠেছে বড় বড় সমর্থক গোষ্ঠী। এর মধ্যে 'আর্জেন্টিনা সমর্থকগোষ্ঠী' জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদকে প্রধান উপদেষ্টা করে একটি আংশিক কমিটি ঘোষণা করেছে, যার নেতৃত্বে আছেন সভাপতি মো: মেহেদী হাসান ও সাধারণ সম্পাদক মো: মিসবাহ উদ্দিন। ১৪ জুন পূর্ণাঙ্গ কমিটি আসার কথা রয়েছে।

পিছিয়ে নেই 'ঢাকা বিশ্ববিদ্যালয় ব্রাজিল ঐক্য পরিষদও'। 'মিশন হেক্সা' পূরণের লক্ষ্যে ক্যামেলিয়া হাসান শশীকে সভাপতি ও আবিদুর রহমান মিশুকে সাধারণ সম্পাদক করে ৩০০ সদস্যের এক বিশাল কমিটি মাঠে নামিয়েছে তারা।

**টিএসসিতে আড্ডা ও কথার লড়াই**

বরাবরের মতোই বিশ্বকাপ উন্মাদনার প্রাণকেন্দ্র হয়ে উঠেছে টিএসসি। বিশ্বকাপের উদ্বোধনী ম্যাচ দেখতে গত পরশু হাজারো দর্শকের ঢল নামে সেখানে। পুরো এলাকা ছেয়ে গেছে বিভিন্ন দেশের, বিশেষত আর্জেন্টিনার বিশাল সব পতাকায়। এ নিয়ে ব্রাজিল সমর্থক ও ঢাবি ছাত্রদলের সভাপতি গণেশ চন্দ্র রায় সাহস বলেন, 'ব্রাজিল যেমনই খেলুক, তারাই বিশ্ব ফুটবলের মূল আকর্ষণ। অন্য দলকে নিয়ে আমরা মাথা ঘামাই না।'

এর পাল্টা জবাবে আর্জেন্টিনা সমর্থক ও ছাত্রদলের সাধারণ সম্পাদক নাহিদুজ্জামান শিপন বলেন, 'ব্রাজিলের ওই সাত গোল হজমের লজ্জাজনক ইতিহাস যেন আর ফিরে না আসে। অন্তত সম্মানের সাথে তারা যেন কোয়ার্টার ফাইনাল অব্দি পৌঁছায়- একজন আর্জেন্টাইন ভক্ত হিসেবে সেটাই আমার চাওয়া।'

**হলে হলে পতাকার রাজত্ব**

আবাসিক হলগুলোতে চলছে সবচেয়ে বড় পতাকা ওড়ানোর এক নীরব প্রতিযোগিতা। মাস্টারদা সূর্যসেন হলের মূল ফটক প্রায় পুরোটাই ঢেকে গেছে আর্জেন্টিনার বিশাল পতাকায়। স্যার এ এফ রহমান হলেও আর্জেন্টিনা ও ব্রাজিল- উভয় দলের সমর্থকরাই সুবিশাল ব্যানার টাঙিয়ে নিজেদের আধিপত্য প্রমাণের চেষ্টা করছেন। অন্য দিকে ফজলুল হক মুসলিম হলে জুমার নামাজের পর ব্রাজিলের বিশালাকার পতাকা প্রদর্শন করে বর্ণিল এক শোডাউন করেছে সেলেকাও ভক্তরা।

**ঢাবি অধ্যাপকের ভবিষ্যদ্বাণী : চ্যাম্পিয়ন স্পেন**

উৎসব-উন্মাদনার মধ্যেই ক্যাম্পাসে বাড়তি আলোচনার জন্ম দিয়েছেন ঢাবির ফলিত পরিসংখ্যান ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. মো: হাসিনুর রহমান খান। গত ১০ জুন তিনি যুক্তরাষ্ট্র-কানাডা-মেক্সিকো বিশ্বকাপের ১০৪ ম্যাচের সম্ভাব্য ফল নিয়ে একটি গাণিতিক পূর্বাভাস প্রকাশ করেছেন। এর আগে ২০২২ সালের কাতার বিশ্বকাপেও তার নিখুঁত ভবিষ্যদ্বাণী দেশজুড়ে ব্যাপক সাড়া ফেলেছিল।

তার এবারের পরিসংখ্যানভিত্তিক বিশ্লেষণ বলছে, আগামী ১৯ জুলাই নিউইয়র্কের হাইভোল্টেজ ফাইন্যালে আর্জেন্টিনাকে ২-১ গোলে হারিয়ে দ্বিতীয়বারের মতো শিরোপা ঘরে তুলবে স্পেন। তার পূর্বাভাস অনুযায়ী, সেমিফাইনাল থেকেই বিদায় নেবে যথাক্রমে ফ্রান্স (স্পেনের কাছে হেরে) ও ব্রাজিল (আর্জেন্টিনার কাছে হেরে)। আর তৃতীয় স্থান নির্ধারণী ম্যাচে ব্রাজিলকে হারিয়ে ফ্রান্স তৃতীয় স্থান অধিকার করবে।